নতুন তেলবাহী কন্টেইনার ছাড়া ১১ দিনের মধ্যেই বাংলাদেশের বিদ্যুৎ কেন্দ্র বন্ধ হয়ে যাবে- অনিন্দ্য ইসলাম অমিত

খুলনা বিভাগীয় বিএনপি’র সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, দ্রুততম সময়ের মধ্যে নতুন কোনো জ্বালানি তেলবাহী কন্টেইনার চট্টগ্রাম পয়েন্টে যদি না আসে তাহলে আগামী ১১ দিন পরেই বাংলাদেশের সকল যানবাহন চলাচল ও সকল বিদ্যুৎ কেন্দ্র বন্ধ হয়ে যাবে।

স্বাধীনতার ৫০ বছর পরে এই বাংলাদেশের অর্থনীতি যখন সুশৃংখল তখন এই শহর অঞ্চলে গড়ে ৪ ঘন্টা ও গ্রাম অঞ্চলে ১৬ ঘন্টা বিদ্যুৎ থাকছে না।

কিছুদিন পূর্বেই হাতির ঝিলে শত কোটি টাকা ব্যয় করে শতভাগ বিদ্যুৎ সংযোগের উৎসব পালন করা হলো, কিন্তু আজ কয়েক মাসের ব্যবধানে এই রকম বিদ্যুৎবিহীন অবস্থা।

শনিবার বিকালের দিকে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে সারা দেশে বিদ্যুতের লোডশেডিং ও জ্বালানি খাতে অব্যবস্থাপনার প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপি’র বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য তিনি এ কথা বলেন।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিতে বিক্ষোভ সমাবেশে তিনি আরো বলেন, বাংলাদেশকে জ্বালানি খাত, প্রাকৃতিক ও ভূগর্ভস্থ সম্পদের উপর নির্ভর না করে আমদানিকৃত জ্বালানি খাতের উপর নির্ভর করা হয়েছে।

আজ থেকে পাঁচ বছর পূর্বেও এদেশের অধিকাংশ বিদ্যুৎ কেন্দ্র ভূগর্ভস্থ গ্যাস দ্বারা পরিচালিত হতো। কিন্তু এই অবৈধ সরকার বিদেশী রাষ্ট্রকে খুশি করার জন্য এবং তাদের দলীয় নেতাকর্মীদের অতিরিক্ত সুবিধা দেওয়ার জন্য আস্তে আস্তে আমাদের এই জ্বালানি খাতকে আমদানি নির্ভর করে ফেলেছে।

এছাড়াও এসময় মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আলমগীর খান ছাতু, ইলিয়াস হোসেন, আব্দুর রহমান, সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, যুগ্ম সম্পাদক প্রফেসর ফয়েজ মোহাম্মদ বক্তব্য রাখেন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আউয়াল, মাহাবুবুর রহমান মাহবুব, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক প্রমুখ।

জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতুর নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশে যোগ দেয়। এসময় যুবদল নেতা মনিরুল ইসলাম মনি, ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি প্রমুখ উপস্থিত ছিলেন। বিক্ষোভ সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের সকল নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

তিনটি হত্যাসহ একাধিক মামলার আসামী কৃষকলীগের সভাপতি। সমালোচনার ঝড়

তিনটি হত্যা, হত্যা প্রচেষ্টা মামলায় সাজাপ্রাপ্ত, চুরিসহ একাধিক মামলার আসামী আতিয়ার রহমান গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি নির্বাচিত হয়েছেন। আর সভাপতি নির্বাচিত হওয়ায় এলাকায় আবারও শুরু হয়েছে আতংক।

তবে, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক ও জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বললেন তার বিরুদ্ধে দায়ের হওয়া মামলা ষড়যন্ত্রমুলক।

দীর্ঘ ৫ বছর পর গত ২৯ জুলাই শুক্রবার বিকেলে গাংনী পাইলট হাইস্কুল অ্যান্ড কলেজ চত্বরে সম্মেলন শেষে রাতে কমিটি গঠণ প্রক্রিয়া শুরু হয়। রাত ৮ টা থেকে শুরু হয়ে রাত ২ টা পর্যন্ত ভোট গ্রহণ চলে। ৩৫০ জন কাউন্সিলর ভোট প্রদান করেন।

কাউন্সিলে কেন্দ্রীয় ও স্থানীয় কৃষকলীগের নেতৃবৃন্দ ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সাধারণ সম্পাদক এম এ খালেকসহ আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিত ছিলেন।
কমিটিতে আতিয়ার রহমানকে সভাপতি ও মশিউর রহমান পলাশকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

আতিয়ার রহমান গাংনী উপজেলার লক্ষিনারায়নপুর ধলা গ্রামের সাইফুল ইসলাম ওরফে সইফুদ্দীনের ছেলে।
গাংনী থানা সূত্রে জানা গেছে, আতিয়ার রহমানের নামে ১৪৩/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩২৬-৪/৩০৭/৩০২/৫০৬/১১৪/৩৪ দন্ডবিধিতে গাংনী থানার মামলা নং ৯. তারিখ ৯/১১/২০২১ ইং।
গাংনী থানার মামলা নং ৩৪. তারিখ ৩০/০৭/২০১৭ ইং, দন্ডবিধি ১৪৩/৩৪১/৩২৬/৩০২/
গাংনী থানার মামলা নং ১৬, তারিখ ১২/০৬/২০১৭ইং ধারা ১৪৩/৩২৩/৩২৬/৩০৭/৩৭১/৫০৬/১১৪ দন্ডবিধি।
মেহেরপুর সদর থানার মামলা নং ৯, তারিখ ৬/১০/২০১০ ইং, ধারা ৩৭৯/৪১১ দন্ডবিধি।

স্থানীয় মেম্বর ও লক্ষিনারায়নপুর ধলা গ্রামের টুটুল মেম্বর জানান, আতিয়ার নওপাড় গ্রামের ওমর আলীকে হত্যা প্রচেষ্টা চালায়। সে মামলার নং জিআর ১২/৯০। মামলায় ৭ বছর কারাদন্ড হয়। ২০০৩ সালের কাথুলি ইউনিয়নের সংরক্ষিত নারী সদস্য আলেয়া খাতুনকে প্রকাশ্যে দিবালোকে মাথায় কিরচি দিয়ে মারে। বর্তমানে আলেয়া মেম্বর পঙ্গু জীবন যাপন করছে। সে মামলায় ১ নং আসামী। ৯১ সালে ধলা গ্রামের নজিবুরকে পেটে ফলা দিয়ে ভুড়ি বের করে দেয়। ২০১৭ সালে বর্তমান মেম্বর টুটুলের বাড়িতে হামলা দলবল নিয়ে চলায় আতিয়ার ও তার লোকজন। এঘটনায় আতিয়ারকে ১ নং আসামীকে করে একটি মামলা হয়। মামলা নং ১৮৭/১৭ ইং। ২০১৭ সালের ২৯ জুলাই এনামুল হক নইলুকে হত্যা করে। হত্যা মামলার ১ নং আসামী। মামলা নং সেসন ১৬৯/১৮ ইং। ২০১১ সালের ৮ নভেম্বর সকালে দুই সহোদর জাহারুল ও সাহারুল ইসলাকে প্রকাশ্যে দিবালোকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। মামলায় ১ নং আসমী সে। ধলার বিল নিয়ে আতিয়ারের সাথে বিরোধের জের ধরে ২০০০ সালে

সাইদুল হোসেন খুন হন। সাম্প্রতিক সময়ে জোড়া খুন মামলায় কারাবন্দী থেকে জামিনে মুক্ত হন তিনি।

সরকার দলীয় কয়েকজন নেতা ও কৃষকলীগের নেতা নাম প্রকাশ না করার শর্তে বলেন, একাধিক হত্যা, চুরিসহ বেশ কয়েকটি মামলার প্রধান আসামী আতিয়ার। এসব হত্যা মামলায় সে বারবার জেল খেটেছেন। এধরনের মানুষকে সভাপতি দেওয়া ঠিক হয়নি। আতিয়ারকে সভাপতি করাই দলের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। তাকে সভাপতির পদে দাঁড়াতে দেওয়াই ঠিক হয়নি।

গাংনী সরকারী কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক আব্দুর রশিদ বলেন, হত্যা মামলার আসামী ও ও জেল খাটা আসামী যদি একটা রাজনৈতিক দলের সহযোগী সংগঠণের সভাপতি হয় এর চেয়ে খারাপ কিছু হতে পারেনা। ভবিষ্যাতে এর খারাপ ফল রাজনীতিবিদদেরই ভোগ করতে হবে।

মেহেরপুর জেলা সুজনের সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেন বলেন, রাজনীতিতে ফ্রেস এবং নির্ভেজাল মানুষকে নেতৃত্ব দেওয়া উচিৎ। হত্যা মামলার একজন আসামীকে রাজনৈতিকভাবেই বেমানান দেখাবে। তাকে মানা না মানা নিয়ে রাজনৈতিক দলের মধ্যেই কথা উঠবে। এছাড়া ভবিষ্যতে রাজনৈতিক বিশৃংখলা দেখা দেবে।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, কৃষকলীগের আলাদা গঠনতন্ত্র রয়েছে। গঠণতন্ত্র মোতাবেক কেন্দ্রীয় ও জেলা নেতাদের উপস্থিতিতে কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে। ৩৫০ জন কাউন্সিলরের মধ্যে সর্বোচ্চ ভোট পেয়ে আতিয়ার রহমান সভাপতি নির্বাচিত হয়েছে। হত্যাসহ ৮ মামলার আসামি কিভাবে কৃষকলীগের সভাপতি হলেন? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আতিয়ারের বিরুদ্ধে ষড়যন্ত্র করে এসকল মামলা করা হয়েছে।

জেলা কৃষক লীগের সাধরণ সম্পাদক ওয়াসিম সজ্জাদ লিখনও অভিন্ন সুরে বলেন,আতিয়ারের বিরুদ্ধে ষড়যন্ত্রের শিকার হয়ে মামলার আসামি হয়েছেন। কাউন্সিলদের প্রত্যক্ষ ভোটে তাকে সভাপতি নির্বাচিত হয়েছেন।

মেহেরপুর শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা

মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্রাংকলরি শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।

আজ রবিবার (৩১জুলাই) দুপুরে সংগঠনটির মিলনায়তনে ত্রি-বার্ষিক নির্বাচনী তফসিল ঘোষণা করেন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য রাহিনুরজামান পলেন।

তফসিলে আগামী ২ আগস্ট ভোটার তালিকা আপত্তি দাখিল, ৩ আগস্ট ভোটার তালিকা আপত্তি নিষ্পত্তি, ৪ আগস্ট চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ৫ আগস্ট মনোনয়নপত্র বিক্রি শুরু ৬ আগস্ট মনোনয়নপত্র জমা, ৭ আগস্ট মনোনয়নপত্র বাছাই, ৮ আগস্ট মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন, ৯ আগস্ট চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ এবং ওই দিনই প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ, ২০ আগস্ট শনিবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হবে।

এ সময় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য এমদাদুল হক ও আসাদুল ইসলাম উপস্থিত ছিলেন।

গাংনী থানা পুলিশের অভিযানে নারীসহ দুই আসামী গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ জন ও নিয়মিত মামলায় ১ জনসহ ২ আসামী গ্রেফতার করেছেন। এরা হলেন, গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামের হারান আলীর স্ত্রী আরজিনা খাতুন ও মেহেরপুর সদর উপজেলার বেলতলাপাড়া গ্রামের মৃতু আযম উদ্দীনের ছেলে আলম শেখ।

আরজিনা খাতুনের নামে অপহরণের অভিযোগে নিয়মিত মামলায় রয়েছে। গাংনী থানার মামলা নং ২৯, তারিখ ২৯/০৭/২০২২। ধারা ৭/৩০।
এছাড়া আলম শেখ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার আসামী। সে বর্তমানে গাংনী উপজেলা শহরের চৌগাছা গ্রামে বসবাস করছেন। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে থানা পুলিশের পৃথক টীম শনিবার (৩১ জুলাই) দিবাগত রাতে অভিযান চালিয়ে এই দুই আসামীকে গ্রেফতার করেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করে বলেন, গ্রেফতারকৃতদের আজ রবিবার (৩১ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিব আদর্শের দুর্গ হিসাবে মেহেরপুরকে গড়ে তোলা হবে-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আমাদের এই মুজিবনগর জাতির পিতার নামে নামাঙ্কিত বাংলাদেশের প্রথম রাজধানী। বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণের পবিত্র জায়গা। অতএব জাতির পিতার নামে এই জায়গাটি সেই মুজিবের সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগের সহযোগী সংগঠন তা হচ্ছে বাংলাদেশ কৃষকলীগ অতএব আমি আশা করব জাতির পিতার নামের যে পবিত্রতা রয়েছে প্রথম রাজধানীর এই মাটি প্রথম সরকারের শপথ গ্রহনের পবিত্র জায়গা অতএব আমাদের উপরে অনেক দায়দায়িত্ব রয়েছে এবং সেটি হচ্ছে মুজিবের আদর্শের দুর্গ হিসাবে উন্নত সমৃদ্ধশালী জনপদ হিসাবে মুজিবনগর তথা মেহেরপুরকে গড়ে তোলা।

গতকাল শনিবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে মুজিবনগরে উপজেলা কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন, বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

তিনি আরো বলেন, এই সম্মেলনের মধ্য দিয়ে মুজিবনগর উপজেলা কৃষকলীগ

আগামী দিনে আরো শক্তিশালী সংগঠন হিসাবে গড়ে উঠবে। আমি চায় যে এই কৃষকলীগ বঙ্গবন্ধুর হাতে গড়া এই কৃষক আমরা যদি এই কৃষকলীগের ভাল নেতৃত্ব তৈরি করতে পারি তাহলে আমরা ক্ষৃকের কাছাকাছি পৌঁছাতে পারবো এবং প্রধানমন্ত্রীর বার্তা ও নির্দেশনা এবং কৃষির উন্নয়ন গুলো তাদের কাছে আমরা পৌঁছাতে পারব।

আমরা কৃষকদের সমস্যার কথা এবং কৃষকদের আরও কিভাবে উন্নয়ন করতে পারি কৃষকদের সেবার মান আরো কিভাবে বাড়াতে পারি সেটাও কিন্তু আমরা কৃষকদের কাছ থেকে জানতে পারি।

মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটুর সঞ্চালনায় এবং মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম মন্ডলের সভাপতিত্বে, উদ্বোধক হিসেবে ছিলেন বাংলাদেশ কৃষক লীগ কেন্দ্র কমিটির সহ-সভাপতি এবং মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি মাহবুব উল আলম শান্তি। প্রধান বক্তা হিসেবে ছিলেন, মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, বাংলাদেশ কৃষক লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শরিফ আশরাফ আলী, জেলা আওয়ামী লীগের যুগ্ন সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহীন,মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু,কুঠি শিল্প বিষয়ক সম্পাদক শাহিনুর রহমান, কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হালিমা রহমান, বেসরকার সংস্থা বিষয়ক সম্পাদক মিরুল ইসলাম, সহ প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম বাদশা। ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, মুজিবনগর উপজেলা শ্রমিক লীগের সভাপতি আবুল কালাম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য বাবুল মল্লিক।

যুবনেতা হাসানুজ্জামান লালটু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন। সম্মেলনে আওয়ামী লীগ, কৃষক লীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগের নেতৃকর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।

সম্মেলনের প্রথম অধিবেশন শেষে সর্বসম্মতি কমে আগামী তিন বছরের

জন্য জাহিদ হাসান রাজীবকে মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি ও শাহিনুর রহমান মানিককে সাধারণ সম্পাদক এবং আরোজ আলীকে সাংগঠনিক সম্পাদক হিসেবে ঘোষণা দেওয়া হয়।

গাংনীর গেজেটভুক্ত ১০৮ মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবি

মেহেরপুরের গাংনী উপজেলার ১০৮ জন গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবিতে উপজেলা চেয়ারম্যানের সাথে মতবিনিময় করেছেন বীর মুক্তিযোদ্ধারা।

আজ শনিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।
গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধা নেতা আব্দুল হান্নানের সভাপতিত্বে স্থগিত কৃত প্রায় ১০৮ জন মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, সর্বশেষ যাছাই-বাছাইয়ের পর তাদের ভাতা বন্ধ হয়। যার ফলে স্থগিতকৃত মুক্তিযোদ্ধারা সকল কাগজপত্র আছে মর্মে জানিয়ে পূর্ণরায় ভাতা চালুর দাবিতে আমার সাথে তারা মতবিনিময় করেছেন। আমি বিষয়টি সরকারের উর্ধতনদের সাথে আলাপ-আলোচনা করে সমাধানের চেষ্টা করবো।

উল্লেখ্যঃ সর্বশেষ মুক্তিযোদ্ধা যাছাই-বাছাইয়ে গাংনী উপজেলার ১০৮ জন মুক্তিযোদ্ধাকে না মঞ্জুর করেন উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি। যার ফলে এই ১০৮ জন বীর মুক্তিযোদ্ধার ভাতা বন্ধ হয়ে যায়। উক্ত মুক্তিযোদ্ধারা দেশ স্বাধীনে গুরুত্বপুর্ন ভুমিকা রাখলেও তারা আজ অধিকার বঞ্চিত হয়ে মানবেতর জীবন যাপন

করছেন।

মেহেরপুরে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির পক্ষ থেকে মেয়রকে সংবর্ধনা

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতি মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটনকে সংবর্ধনা জানানো হয়েছে।

আজ শনিবার সকালের দিকে মেহেরপুর শহরের ২ নম্বর ওয়ার্ড হালদারপাড়ায় অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির মেহেরপুর জেলা শাখা অফিসে সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দ্বিতীয়বারের মতো মেহেরপুর পৌরসভার মেয়র হিসেবে নির্বাচিত হওয়ায় মাহফুজুর রহমান রিটনের হাতে ক্রেস্ট তুলে দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উপদেষ্টা নূর মোহাম্মদ খান, সভাপতি হাজী মোঃ নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন, ভাইস চেয়ারম্যান হায়দার আলী খান, রমজান আলী, ক্যাশিয়ার আব্দুর রহমানসহ অন্যান্য অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী বৃন্দ, মেহেরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

গাংনীতে বিরোধপূর্ণ জমির পাট

কর্তন মামলায় ৩ আসামী গ্রেফতার

গাংনীর কাজিপুর গ্রামে বিরোধপূর্ণ জমির পাট কাটাকে কেন্দ্র করে দায়ের করা মামলায় তিন আসামী গ্রেফতার হয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর গ্রামের মধ্যপাড়া এলাকার কলিম উদ্দীনের ছেলে আখের উদ্দীন (৩৮), মৃত বাদল মন্ডলের ছেলে মনিরুল ইসলাম (৫৭) ও উজির আলীর ছেলে রেজাউল হক (৬০)।

শুক্রবার (২৯ জুলাই) দিবাগত রাতে ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হানের নেতৃত্বে পুলিশের একটি টীম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের নামে গাংনী থানা মামলা নং ৩৪/১৮২, ধারা ১৪৩/৩৭৯/৪৪৭/৫০৬, তারিখ, ২৯/০৭/২০২২ ইং।

পিরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ জহির রায়হান বলেন, কাজিপুর মধ্যপাড়া এলাকার রুহুল আমিন ও মৃতু ছলিম উদ্দীনের ছেলে কলিম উদ্দীন, আজমত আলী গ্যাঙের মধ্যে ৬.৭৩ একর জমি নিয়ে বিরোধ চলে আসছিল। বিরোধপূর্ণ জমিতে মামলার বাদী রুহুল আমিন পাট চাষ করেন।

গতকাল শনিবার সেই পাট কলিম উদ্দীন গ্রেুপর লোকজন কেটে নিয়ে যায়। এঘটনায় কলিম উদ্দীন বাদী হয়ে জমিতে অনধিকার প্রবেশ করে পাট চুরির অভিযোগ এনে ২৪ জনকে আসামী করে মামলাটি দায়ের করেন। মামলাটি রুজ্জু হওয়ার পর রাতেই অভিযান চালিয়ে এই তিন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেপুর জেল হাজতে প্রেরণ করার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে কথা কাটাকাটিকে

কেন্দ্র করে ১ কিশোর আহত

মেহেরপুর শহরের হরিসভার মেলায় কাটাকাটিকে কেন্দ্র করে এক কিশোরকে পিটিয়ে জখম করেছে কয়েকজন যুবক।

গতকাল শুক্রবার রাতে মেহেরপুর শহরের মহিলা কলেজ রোডে হরিসভার মেলায় এ ঘটনা ঘটে।

আহত কিশোর শাহীন জানান, শুক্রবার রাতে মেলায় গেলে কয়েক জন যুবকের সাথে তুচ্ছ বিয়ষ নিয়ে কথাকাটাকাটি হওয়াই জিম,রাকিব,বিপ্লব,আলী সহ বেশ কয়েকজন মিলে আমার উপর হামলা করে আমাকে পিটিয়ে আহত করে।

পরে স্থানীয়রা আহত অবস্থা আমাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। আমার মাথায় ৪ টি সেলায় হয়েছে।

আহত কিশোর শাহীন হোসেন (১৬) দিঘির পাড়ার আজগর আলীর ছেলে। এবিষয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেছেন আহত শাহীনের বড় ভাই সেলিম হোসেন।

সদর থানার ওসি মেজবাহ উদ্দিন আহমেদ জানান, এবিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে স্বেচ্ছাসেবি সংগঠন আনন্দবাস ব্লাড ব্যাংকের যাত্রা শুরু

মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে আনন্দবাস যুব সমাজের উদ্যোগে আনন্দবাস ব্লাড ব্যাংক নামের একটি স্বেচ্ছাসেবি সংগঠন যাত্রা শুরু করেছে ।

শুক্রবার বিকালে আনন্দবাস বালিকা বিদ্যালয়ে মাঠে অনুষ্ঠিত এক

আলোচনা সভার মধ্যে দিয়ে হাফিজুর রহমানকে সভাপতি ও সাদ্দাম হোসেনকে সাধারন সম্পাদক করে ১৫ সদস্য বিশিষ্ট ব্লাড ব্যাংকের কমিটি ঘোষনা করার মাধ্যদিয়ে সংগঠনটির যাত্রা শুরু হয়েছে। আনন্দবাস মিয়া মুনসুর এম এম একাডেমির সহকারী শিক্ষক রমজান আলী এ সংগঠনের শুভ উদ্বোধন ঘোষনা করেন।

এ সময় তিনি বলেন,আমরা যারা রক্তদান করার লক্ষে খাতায় নাম লিখিয়েছি শুধুমাত্র সেটা দায়বদ্ধতার খাতিরে নাম লেখালে হবে না। মনপ্রান দিয়ে যেকনো মানুষের বিপদে পাশে দাড়াতে হবে।

উক্ত অনুষ্ঠানে অন্যদের মধ্যে এনামুল হক,আমিনুল ইসলাম, নাহিদ ইসলাম, তুহিন রেজা, সোহাগ আলী, ফরহাদ হোসেন, সাজিদুল ইসলাম, সবুজ রানা, ত্ষুার আলী, আরিফ হোসেন, সুমন আলী, সাদ্দাম হোসেন উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে গ্রামের সাধারন জনগনকে রক্তদানে উৎসাহিত করার লক্ষে মটরসাইকেল র্যালী বের করা হয়।